গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
www.ullapara.sirajganj.gov.bd

নম্বর- ০৫.৪৩.৮৮৯৪.০০৩.০১.০০১.২০২২- ৮২ তারিখ: ১৭-০১-২০২৩ খ্রি.

## ১৪৩০ বাংলা সালের হাট বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ২১ সেপ্টেম্বর, ২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নম্বর স্মারক মোতাবেক সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সর্ম্পকিত নীতিমালার আলোকে উল্লাপাড়া উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত এবং উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ বাংলা ১৪৩০ সালের জন্য ০১ বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত দরপত্র ফরমে বর্ণিত শর্তাবলীর ভিত্তিতে প্রতিটি হাটের জন্য সীলমোহরকৃত পৃথক পৃথক খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের পূর্ব দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত দরপত্র ফরম জেলা প্রশাসক, সিরাজগঞ্জ (স্থানীয় সরকার শাখা), সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া, অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা , সোনালী ব্যাংক, উল্লাপাড়া শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে। নির্ধারিত তারিখ দুপুর ০১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, সিরাজগঞ্জ (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপার, সিরাজগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিন বিকাল ০৩.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরদাতাগনের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

| ক্রমিক নম্বর | হাট বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | দরপত্র মুল্য (অফেরত যোগ্য) | দরপত্র দাখিলের তারিখ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রথম বার | দ্বিতীয় বার | তৃতীয় বার |
| ০১ | উনুখা হাট বাজার | রামকৃষ্ণপুর | ১০৪৬২২ | ১০০০ | ০৮-০২-২০২৩ | ০২-০৩-২০২৩ | ২৭-০৩-২০২৩ |
| ০২ | বিনায়েকপুর হাট | বাঙ্গালা | ৬৭৩৪৫ | ৫০০ | | | |
| ০৩ | প্রতাপ হাট | বাঙ্গালা | ৪৯২৯০০ | ১৬০০ | | | |
| ০৪ | কুচিয়ামারা হাট | বাঙ্গালা | ৭৫৮৩৩ | ৫০০ | | | |
| ০৫ | ধরইল হাট | বাঙ্গালা | ২০৩৩৪৪ | ১২০০ | | | |
| ০৬ | উধুনিয়া হাট | উধুনিয়া | ১৬৭৬৫৭ | ১০০০ | | | |
| ০৭ | মোহনপুর দহকুলা | মোহনপুর | ২২১৩৮৯৮ | ৫২০০ | | | |
| ০৮ | বালশাবাড়ী হাট | দূর্গানগর | ৪১৯৭৬০ | ১৬০০ | | | |
| ০৯ | রাজমান হাট | দূর্গানগর | ১৭২১২৯ | ১০০০ | | | |
| ১০ | গয়হাট্টা হাট | পুর্নিমাগাতী | ১৮১২২৪৭ | ৪৪০০ | | | |
| ১১ | পুঠিয়া হাট | পুর্নিমাগাতী | ১৭৬৭২০ | ১০০০ | | | |
| ১২ | চৌবিলা হাট | সলঙ্গা | ৫২৬৪৭ | ৫০০ | | | |
| ১৩ | হাটিকুমরুল হাট | হাটিকুমরুল | ৮৯০৪৭ | ৫০০ | | | |
| ১৪ | হাটিকুমরুল নিউ টাউন | হাটিকুমরুল | ১২৮৭৫৬৪৩ | ২৬৪০০ | | | |
| ১৫ | পাচিলা হাট | হাটিকুমরুল | ১৪২০৪০০ | ৩৬০০ | | | |
| ১৬ | বোয়ালিয়া হাট | বড়হর | ২২২৬০০০০ | ৪৫২০০ | | | |
| ১৭ | বড়হর হাট | বড়হর | ৮৩৭৭৫৩৩ | ১৭৪০০ | | | |
| ১৮ | পূর্বদেলুয়া হাট | বড়হর | ১০৫২৬৬ | ১০০০ | | | |
| ১৯ | বেতকান্দি হাট | পঞ্চক্রোশী | ২৫২৬৩ | ৫০০ | | | |
| ২০ | বন্যাকান্দি হাট | পঞ্চক্রোশী | ৭০৪৯০ | ৫০০ | | | |
| ২১ | শাহজাহানপুর হাট | পঞ্চক্রোশী | ৩৩২১৩ | ৫০০ | | | |
| ২২ | জনতা হাট | সলপ | ৪০৬৩৫১০ | ৮৮০০ | | | |
| ২৩ | কৃষকগঞ্জ হাট | সলপ | ১৭৭৯০৩ | ১০০০ | | | |
| ২৪ | নলসোন্দা হাট | সলপ | ১৫৪০৫ | ৫০০ | | | |
| ২৫ | কয়ড়া হাট | কয়ড়া | ১৮৭৮৪৯৭ | ৪৪০০ | | | |

প্রথম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ০৮-০২-২০২৩ তারিখে ঐ হাট বাজারটির নাম বাদ দেওয়া হয়েছে বলে গণ্য করতে হবে। দ্বিতীয় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ০২-০৩-২০২৩ তারিখে ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেওয়া হয়েছে বলে গণ্য করতে হবে। বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
মোবাইল নম্বর ০১৭৩৩৩৩৫০৩৬
email: unoullapara@gmail.com

বাংলা ১৪৩০ সালের হাট বাজার ইজারার শর্তাবলী ঃ

১। বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১(এক) বছরের জন্য হাট ইজারা দেওয়া হবে।

২। দরদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে/অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত অর্থ জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর (**আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53Cএর সংশোধন মোতাবেক**)অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারার জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংশ যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহব্বানকৃত হাট বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খাম দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আযকরসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্ব্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তণপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট - বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যকিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

17/01/23

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৩.০১.০০১.২০২৩- ৬2

তারিখ : ১৭-০১-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫, সিরাজগঞ্জ ৪
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ব-ক-১২(২য়তলা) শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
৫। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
৬। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ
১০। উপজেলা নির্বাহী অফিসার------------------------------ (সকল), সিরাজগঞ্জ জেলা
১১। মেয়র, উল্লাপাড়া পৌরসভা, উল্লাপাড়া
১২। সহকারী কমিশনার (ভূমি), উল্লাপাড়া
১৩। অফিসার ইনচার্জ, উল্লাপাড়া মডেল থানা/সলঙ্গা থানা/হাটিকুমরুল হাইওয়ে থানা, সিরাজগঞ্জ
১৪। উপজেলা ------------------------------------------ কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
১৫। সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া, । (তাকে বিজ্ঞাপনটি উল্লাপাড়া উপজেলা ওয়েব পোর্টালে আপলোড পূর্বক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৬। চেয়ারম্যান/ইউপি সচিব, ------------------------------------------ (সকল), ইউপি, উল্লাপাড়া
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ------------------------ ইউনিয়ন ভূমি অফিস, উল্লাপাড়া । তাকে ঢোল শহরত দ্বারা বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং জারীর প্রতিবেদন দাখিল করতে বলা হলো
১৮। সম্পাদক, ------------------------------------------------------------------------------------------------,
১৯। জনাব ---------------------------------------------------------------- ইজারাদার, বাংলা ১৪২৯ সাল ------------------------------------ হাট বাজার
২০। নোটিশ বোর্ড/অফিস কপি।

17/01/23

উপজলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।